Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২, দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২, টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে আষাঢ় বুধবার ১৩৬৭ ইংরাজী 13th July. 1960 { ৯ম সংখ্যা






মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

## আরতি কটন মিলস্ লিঃ

।। দাশনগর, হাওড়া।



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৯শে আষাঢ় বুধবার সন ১৩৬৭ সাল।

# মারো বাঙালীকে!

—০—

বাঙালীর নাম আর শোনা যায় না। ইংরেজ এদেশে রাজত্ব আরম্ভ করেই প্রথম শহীদ করলে বাঙালীকে কে সে বাঙালী জানো? মহারাজা নন্দকুমার। আজ স্বাধীন ভারতকে কে শাসন করছে? কংগ্রেস। সেই কংগ্রেসের প্রথম সভাপতিত্ব কে করেন? বাঙালী—উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ( ডবলিউ. সি. বনার্জ্জি )। ভারতের জাতীয় সঙ্গীত—"বন্দেমাতরম্" কে রচনা করেন? বাঙালী—৺বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়! অন্যতম জাতীয় সঙ্গীত—"জনগণ মন অধিনায়ক" কে রচনা করেন? বাঙালী? কবিগুরু ৺রবীন্দ্রনাথ ঠাকুর! জাতির জনক নামে অভিহিত মহাত্মা গান্ধীর মনোনীত কংগ্রেস সভাপতির পদপ্রার্থী পট্টভি সীতারামীয়াকে নির্ব্বাচনে পরাজিত করিয়াছিলেন কে? বাঙালী—সুভাষচন্দ্র বসু। ভারতে বহু নেতা নেতৃত্ব করিয়াছেন—নেতাজী নাম বলিলে কাহাকে বুঝায়? বাঙালী সুভাষচন্দ্র বসু। আজ যে ভাষা নিয়া দেশে স্বাধীনতার থ্যাকাথেকী চলিতেছে পুস্তো ভাষা না জানিয়া বুদ্ধিমানের মত আফগানীস্থানের মধ্য দিয়া আফগান সাজিয়া নির্ব্বিঘ্নে নিঃসন্দেহে জার্ম্মাণী হইতে সাবমেরিন যোগে সিঙ্গাপুর আসিয়া হিন্দু, মুসলমান, শিখ প্রভৃতি জাতির মধ্যে একতা আনিয়া আজাদহিন্দ রাজ্য কে স্থাপন করিয়াছিলেন—বাঙালী সুভাষচন্দ্র বসু। আর শোনা যায় না। বাঙালী! বাঙালী!! বাঙালী!!! অপরাজেয় বাঙালীর লয় হয় না। সকলে হিংসা করে। বুদ্ধিমানেরা ধরা পড়ে না। অপরাধ না করিয়া যাঁহারা আসামী তাঁহারা অসমীয়া নাম লইয়া বাঙালী নির্য্যাতনে লাগিয়া যাহা আরম্ভ করিয়াছেন তাহাতে দিল্লীর শাসনতন্ত্র তুষ্ণীভাবে থাকিয়া প্রধানমন্ত্রী পণ্ডিত জহরলাল নেহরু মুখ খুলিয়াছেন—এবং খুব দুঃখও প্রকাশ করিয়াছেন।

এতদিন চুপ করিয়া থাকা তাঁহার পক্ষে শোভন হয় নাই। এরূপ হৃদয়বিদারক ক্ষেত্রে একটি হিন্দী দোঁহা জানা থাকিলেও তাহা ভুলিতে হইবে।

*দোঁহাটী—*

বালু জৈসী কড়কড়ি
উজ্জ্বল জৈসী ধুপ
ঐসী মিঠি কুছ্ নে
জৈসী মিঠি চুপ।

# আসামের ঘটনাবলী ক্ষমার অযোগ্য

## হিংসাত্মক কার্য্য চলিতে থাকিলে রাজ্যের বর্ত্তমান ও ভবিষ্যৎ ক্ষতিগ্রস্ত হইবে

অসমীয়াদের প্রতি প্রধান মন্ত্রী শ্রীনেহরুর বাণী

প্রধান মন্ত্রী শ্রীনেহরু অদ্য আসামের হাঙ্গামায় দুঃখ প্রকাশ করিয়া বলেন যে, ঐরূপ ঘটনা অত্যন্ত অশুভ ও ক্ষমার অযোগ্য। নিশ্চিতই জাতীয় ভাষার উন্নয়ন অথবা উহাতে উৎসাহ প্রদানের উহা সঠিক পন্থা নহে। আসামের জনগণের প্রতি এক বাণীতে শ্রীনেহরু বলেন যে, এই সমস্ত হিংসাত্মক কার্য্য গণতন্ত্র এবং শান্তির অগ্রগতির মূলে প্রচণ্ড আঘাত হানে। তাহাদিগকে যদি ঐরূপ হিংসাত্মক কার্য্যাবলী এবং সঙ্কীর্ণচিত্ততার সম্মুখীন হইতে হয়, তবে কিরূপে আসামে বড় বড় সংস্থা গড়িয়া উঠিতে পারে?

আসামের বর্ত্তমান এবং ভবিষ্যৎ ক্ষতিগ্রস্ত হয় এমন কোন আচরণে প্রশ্রয় না দেওয়ার জন্য প্রধান মন্ত্রী আসামের জনগণের প্রতি আবেদন জানাইয়াছেন। শ্রীনেহরু বলেন, আসামের কোন কোন অঞ্চলে হাঙ্গামার যে সংবাদ প্রকাশিত হইয়াছে উহাতে আমি অত্যন্ত ব্যথিত হইয়াছি। এইরূপ ঘটনা অত্যন্ত দুঃখজনক ও ক্ষমার অযোগ্য। ইহাতে ভাষারই ক্ষতি হইবে বেশী। আমরা সকলেই ভাষার উন্নয়ন চাই; কিন্তু এইভাবে উহার উন্নয়ন হইতে পারে না। এই পথ ভ্রান্তপথ। "সাম্প্রদায়িকতা, প্রাদেশিকতা অথবা ভাষার প্রশ্নে বিভেদাত্মক মনোভাব দেখা দেওয়া খুবই দুঃখের ব্যাপার। আমাদের দেশে এইরূপ ঘটনা ঘটিতে থাকিলে দেশের সমৃদ্ধি ব্যাহত হইবে। আমাদের চাই একতা ও কঠোর শ্রম।" আসাম শিল্পের দিক দিয়া একটি সমৃদ্ধ রাজ্য; একমাত্র কঠোর শ্রম ও সম্মিলিত প্রচেষ্টার মধ্য দিয়া তাহার শিল্প সমৃদ্ধির সম্ভাবনাকে বাস্তবে রূপায়িত করা চলিতে পারে; কিন্তু এইরূপ হিংসাত্মক কার্য্য চলিতে থাকিলে তাহার বর্ত্তমান ও ভবিষ্যৎ ক্ষতিগ্রস্ত হইবে।

যদি এমন তবে চুপ চাপ থাকা কি কেন্দ্রের শোভন!

---

## রঘুনাথগঞ্জে চাউলের দর

রঘুনাথগঞ্জের চাউলের আড়ত সমূহে আছাঁটা চাউল মণ প্রতি ২৫৷৹ হইতে ২৬৲ টাকা এবং ছাঁটা চাউল ২৬৷৹ হইতে ২৭৷৹ টাকা দরে বিক্রয় হইতেছে।

---

## বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়

এই বৎসর হইতে বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় চালু হইল। আসানসোল মহকুমার সমুদয় কলেজ এই বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত হইল। বনোয়ারীলাল ভালোটিয়া কলেজ, মণিমালা কলেজ, ত্রিবেণী দেবী ভালোটিয়া কলেজ ( রাণীগঞ্জ ) আঞ্চলিক ইঞ্জিনিয়ারিং কলেজ ( দুর্গাপুর ) এই চারিটি কলেজ উহার তালিকায় রহিয়াছে।

---

## ফোড়া রোগ

এতদঞ্চলে প্রায় বাড়ীতে শিশু ও বয়স্ক ব্যক্তিদের ছোট ছোট ফোঁড়া হইতেছে। আকার ছোট হইলেও খুব যন্ত্রণাদায়ক ব্যাধি তাহা ভুক্তভোগীমাত্রই জানেন।

---

## নারী পুরুষে সমানাধিকার

ভারত রাষ্ট্রের সংবিধানে নারী ও পুরুষের সমানাধিকার স্বীকৃত। কিন্তু ভারত সরকার ও রাজ্য সরকার কর্তৃক স্বীকৃত এই নীতিকে খেয়ালবশে অস্বীকার করিবার এক দৃষ্টান্ত সম্প্রতি পাওয়া গিয়াছে। দেখা যাইতেছে, রাজ্য সরকার যে আইনই করুন না, শিক্ষাদপ্তরের তাহা না মানিলেও চলে। প্রকাশ, ১৯৫৯ সালের ১২ই মে জনৈকা শিক্ষিকাকে বীরভূমের ছেলেদের একটি স্কুলে অস্থায়ীভাবে প্রধান শিক্ষিকা হিসাবে নিযুক্ত করা হয়। এই বিদ্যালয়টিতে ছেলেমেয়েদের সহ-শিক্ষা-ব্যবস্থা প্রচলিত আছে। উক্ত শিক্ষিকা এম-এ বি-টি। তাঁহার পাঁচ বছরের শিক্ষকতার অভিজ্ঞতাও রহিয়াছে। স্কুলের পরিচালক কমিটির এই নিয়োগকে সেই জেলার প্রাক্তন স্কুল পরিদর্শক ও বর্ত্তমান স্কুল পরিদর্শক অনুমোদন করিয়াছিলেন। প্রধান শিক্ষকের পদে অস্থায়ীভাবে উক্ত শিক্ষিকার নিয়োগকে মধ্যশিক্ষা পর্ষদও ১৯৫৯ সালের ৬ই নভেম্বর অনুমোদন করেন। আরও প্রকাশ, উক্ত বিদ্যালয়ের পরিচালক কমিটি গত গরমের ছুটিতে এই শিক্ষিকাকে প্রধান শিক্ষকের পদে স্থায়ীভাবে নিয়োগের জন্য পুনরায় সুপারিশ করেন।

প্রধান শিক্ষকের ঐ পদে স্থায়ী অনুমোদন পাইবার আবেদনের উত্তরে শিক্ষিকা জানিতে পারেন যে, পশ্চিম বঙ্গ শিক্ষাদপ্তর তাঁহার স্থায়ীকরণে আপত্তি জানাইয়াছেন। এই সম্পর্কে অনুসন্ধানের জন্য উক্ত শিক্ষিকা পশ্চিম বঙ্গ শিক্ষাদপ্তরে যান। উক্ত শিক্ষিকা অভিযোগ করেন যে, শিক্ষাদপ্তরের জনৈক উচ্চ পদাধিকারী নাকি তাঁহাকে এই কথা জানাইয়াছেন যে, তাঁহাকে প্রধান শিক্ষকের পদে স্থায়ীভাবে বহাল করা সম্ভব নহে। কারণ উক্ত অফিসারের মতে কোন মহিলাকে সহশিক্ষা চালু আছে এমন কোন বালক বিদ্যালয়ের প্রধান হিসাবে নিয়োগের জন্য অনুমোদন করা যায় না। উক্ত শিক্ষিকা এই বলিয়া খেদ প্রকাশ করেন যে, যখন তিনি সংবিধানে নারী ও পুরুষের সমানাধিকারের প্রশ্নটি তোলেন, তখন নাকি উক্ত কর্তাব্যক্তি বলেন যে, চিরাচরিত প্রথাকে বজায় রাখাই উচিত।

---

## লাঠ্যৌষধি

হাজারীবাগের অনজান গ্রামের পুরুষেরা মদ্যপানে খুব আসক্ত। সম্প্রতি তাহাদের বড় বাড়াবাড়ি দেখা যায়, ফলে ঘরের মেয়েদের অনেকেরই অলঙ্কার ও গৃহস্থালীর বাসনপত্র বাঁধা পড়ে। সম্প্রতি গৃহলক্ষ্মীরা একত্র হইয়া লাঠি ধরেন এবং চোলাইর কারখানা ও মদের পিপাসমূহ ভাঙ্গিয়া ফেলেন। সংবাদ পাইয়া সমাজসেবীরা ছুটিয়া যান, সরকারও সক্রিয় হন। অনজান গ্রামে অতঃপর মদ আর ঢুকিতে পারে নাই। লাঠ্যৌষধি যে শ্রেষ্ঠ ঔষধি—অনজানের পুরলক্ষ্মীরা তাহার এক বড় প্রমাণ দিলেন।

---

## হলদিয়া বন্দর

কেন্দ্রীয় সরকার হলদিয়া বন্দরের জন্য ২৫ কোটি টাকা ব্যয় বরাদ্দ করিয়াছেন। হলদিয়ার তো গতি হইল, কিন্তু এদিকে পলি পড়ার ফলে কলিকাতার তো গঙ্গাযাত্রার উপক্রম।

---

## দুর্নীতির দায়ে ডাক্তার ও নার্স

কিছুদিন পূর্ব্বে ভরতপুর থানার অজ্ঞান সরকারী হাসপাতালের ডাঃ জিতেন্দ্র বাবু ও নার্স শ্রীমতী চারুবালা দত্ত ঘুষ লইয়া রোগী ভর্ত্তি করার এবং হাসপাতালের ঔষধের অবৈধ ব্যবহারের অভিযোগে এনফোর্সমেণ্ট বিভাগ কর্ত্তৃক অভিযুক্ত হইয়া গ্রেফতারের পর বিচারাধীন অবস্থায় জামিনে মুক্তি পাইয়াছেন।

---

## অমানুষিক অত্যাচার

আসামে বাঙালীদের উপর অমানুষিক অত্যাচার হচ্ছে। অসমীয়ারা বাঙালীদের মারধোর, খুন জখম করেছে। এমন কি শিশু ও মহিলারা পর্য্যন্ত তাদের হাত থেকে রেহাই পায়নি। এই হাঙ্গামার প্রধান কেন্দ্র হচ্ছে গৌহাটি। শিবসাগর ও লক্ষ্মীমপুরে এর মধ্যে সৈন্য মোতায়েন করা হয়েছে।

---

## পোক্তা দ্বিতল বাটী বিক্রয়

রঘুনাথগঞ্জ ৫নং ওয়ার্ডে ভদ্রপল্লীতে সদর রাস্তার উপর "দত্ত ভবন" নামক দ্বিতল পোক্তা বাটী বিক্রয় হইবে। পণ্ডিত প্রেসে অনুসন্ধান করুন।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ৮ই আগষ্ট ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

১৭৪ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং আস্থাপদ ভট্টাচার্য্য দাবি ১৬ টাকা ৪৮ নঃ পঃ থানা সুতি মৌজে হিলোড়া ১-৭৯ শতকের কাত ২১/৮ আঃ ১০৲ খং ৮০১ কোর্ট মূল্য ৪০০৲

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ২২শে আগষ্ট ১৯৬০

১৯৬০ সালের ডিক্রীজারী

১০ থাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দেং নাবালকত্রয় পক্ষে অলিমাতা ও স্বয়ং কৃষ্ণকনক রায় দাবি ৮৩ টাকা ০১ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ৩৫ শতকের কাত ১ টাকা ৯৬ নঃ পঃ আঃ ৮০৲ খং ২৮২৫

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৮ই জুলাই ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

৮২ থাং ডিঃ সেবাইত মদনমোহন দাস মহান্ত দেং সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দাবি ১১০০ টাকা ৩৭ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে সেরপুর ১-৫৫ শতকের কাত ১০৷৷০ আঃ ২১০৲ চিরস্থায়ী মোকররী উক্ত জমি ও তদুপরিস্থিত পাকা বাড়ী মায় ইট, কাঠ, দরজা জানালা ইত্যাদি সহ ২নং লাট মৌজাদি ঐ ৬-৫৫ শতকের কাত ২৭/০ আঃ ৫৫০৲ ঐ স্বত্ব



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের
**আমলা** কেশ তৈল



(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ)
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৩৯৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য, চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার প্টান সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৸০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট:—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈয়ারী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।